Victims Information

ভিক্টিমস কোড

ভিক্টিমস কোড নিশ্চিত করে আপনি যদি কোনও অপরাধে ক্ষতিগ্রস্থ হন, তবে কি ধরনের ব্যাবহার আপনি আশা করতে পারেন।

ভিক্টিমস কোড কি?

ভিক্টিমস কোড নিশ্চিত করে আপনি যদি কোনও অপরাধে ক্ষতিগ্রস্থ হন, তবে কি ধরনের ব্যাবহার আপনি আশা করতে পারেন। ভিক্টিমস কোড এর তিনটি অংশ রয়েছে:

- অংশ 1 হচ্ছে মূল নীতিসমূহ যেগুলো ক্ষতিগ্রস্থকে সেবা প্রদানকারী (একজন প্রদানকারী) একজন ব্যক্তি, সংগঠন অথবা সরকারী সংস্থা দ্বারা অনুসরণীয়।
- অংশ 2 ক্রিমিনাল জাস্টিস সিস্টেম এবং ইয়ুথ জাস্টিস সিস্টেম এ আমাদের অধিকার ধার্য্য করে।
- অংশ 3 ব্যখ্যা করে যে আপনার যদি মনে হয় আপনার অধিকার পূরণ হয়নি তাহলে কিভাবে অভিযোগ করবেন।

যতটা সম্ভব, কোডগুলো সেবাপ্রদানকারীরা অপরাধে ক্ষতিগ্রস্থদের কিভাবে সেবা প্রদান করবে তা নিয়ন্ত্রণ করে। যাহোক, এই কোডগুলো আইনত প্রযোজ্য নয় এবং ব্যর্থতার সাথে মানিয়ে নেয়ার মত কোনও অনুমোদন নেই।

অপরাধের ক্ষতিগ্রস্থ কে?

ভিক্টিম'স রাইটস অ্যাক্ট 2002 অনুযায়ী, একজন ব্যক্তি অপরাধের ক্ষতিগ্রস্থ হবেন যিনি:

- যাদের বিরুদ্ধে কোনও অপরাধ সংঘটিত হয়েছে, অথবা
- কারও মাধ্যমে সংঘটিত অপরাধের জন্য শারীরিক ক্ষতি হয়েছে, অথবা
- কারও সংঘটিত অপরাধের জন্য সম্পত্তি নিয়ে যাওয়া হয়েছে বা ক্ষতিগ্রস্থ হয়েছে।

অপরাধে ক্ষতিগ্রস্থ একজন ব্যক্তি আরও:

- একজন শিশু বা অল্পবয়স্ক ক্ষতিগ্রস্থের বাবা-মা অথবা অভিভাবক, যতক্ষণ পর্যন্ত বাবা-মা কিংবা অভিভাবক কোনও অপরাধে অভিযুক্ত না হবেন, অথবা
- কোনও মৃত ব্যক্তির পরিবারের নিকটবর্তী সদস্য, অথবা যারা কারও সংঘটিত অপরাধের জন্য নিজের আর খেয়াল রাখতে পারে না।

ক্ষতিগ্রস্থদের জন্য কি কি সেবা আছে?

আপনাকে সাহায্য করতে এখানে ক্রিমিনাল জাস্টিস সিস্টেম এবং ইয়ুথ জাস্টিস সিস্টেম এর প্রতিটি স্তরে সেবার অনেকগুলো শ্রেণী আছে। অপরাধের প্রভাব মোকাবেলা করতে আপনি ব্যক্তিগত সহায়তা গ্রহণ করতে পারেন।

আপনি এসকল সেবা সম্পর্কে তথ্য বের করতে পারেন ভিক্টিমস ইনফমেশন লাইনে 0800 650 654 নাম্বারে ফোন করে কর্মী আপনাকে জানাবে কোন সেবাগুলো সহজলভ্য এবং আপনাকে আপনার জন্য সঠিক সংস্থা অথবা সেবার সাথে যোগাযোগ করতে সহায়তা করতে পারবে। আপনার যদি অনুবাদকের প্রয়োজন হয়, দয়া করে তাদের বলুন। তারা আপনার জন্য একজন অনুবাদক নিয়ে আসবে।

আপনি victimsinfo.govt.nz তে 'Support and Services' এ ও তথ্য পেতে পারেন। ওয়েবসাইটে অনেকগুলো ভাষায় তথ্য আছে।

আমি কোথায় আরও তথ্য পেতে পারি?

ক্রিমিনাল এবং ইয়ুথ জাস্টিস সিস্টেম কিভাবে কাজ করে, ভিক্টিমস কোড (আইনি পরিভাষা এবং সংশ্লিষ্ট আইন সহ) অথবা কিভাবে অভিযোগ করবেন, এ ব্যপারে আরও তথ্য জানতে:

- পরিদর্শন করুন victimsinfo.govt.nz, অথবা
- ভিক্টিমস ইনফরমেশন লাইনে ফোন করুন 0800 650 654.

অংশ 1: সেবা প্রদানকারীরা ক্ষতিগ্রস্থদের সাথে কিরূপ ব্যবহার করবেন

আটটি মূলনীতি সেবাদানকারীদের পথ প্রদর্শন করে তারা কিভাবে আপনাকে এবং আপনার পরিবারকে সেবা প্রদান করবে যখন আপনারা অপরাধ দ্বারা ক্ষতিগ্রস্থ হন।

সেবা প্রদানকারী হচ্ছে একজন ব্যক্তি, সংগঠন অথবা সরকারী সংস্থা যে আপনার কল্যাণ এবং অধিকার তুলে ধরতে কাজ করে, আপনার মানসিক, শারীরিক অথবা অর্থনৈতিক কষ্ট কমাতে সাহায্য করে, এবং/অথবা আপনাকে বিচার ব্যবস্থায় সহায়তা করে।

মূলনীতিগুলো কারও অপরাধের জন্য আবেগগ্রস্থ ক্ষতিগ্রস্থ সহ সকল অপরাধের ক্ষতিগ্রস্থদের জন্য প্রযোজ্য। আপনার জন্য পুলিশ এর কাছে অভিযোগ করার প্রয়োজন নেই।

সকল সেবাপ্রদানকারীদের এই মূলনীতিগুলো অনুসরণ করা উচিৎ। তাদেরকে অবশ্যই আইনি, পেশাদারী এবং নৈতিক মূল্যমান, এবং হিউম্যান রাইটস অ্যাক্ট 1993 মেনে চলতে হবে।

মূলনীতিগুলোর লক্ষ্য হচ্ছে আপনি যখন অপরাধ দ্বারা ক্ষতিগ্রস্থ হন, আপনার জন্য ভাল ফলাফল নিশ্চিত করা। যদিও এগুলো আইনি অধিকার নয়, মূলনীতিগুলো সেবা প্রদানকারীদের জন্য একটি আচরণবিধি সরবরাহ করে এবং ক্ষতিগ্রস্থদের তারা কি আশা করতে পারে তা জানায়।

মূলনীতি 1: নিরাপত্তা

সেবাসমূহ এমন উপায়ে প্রদান করা হবে যেন আপনার এবং আপনার পরিবারের উপর সম্ভাব্য ক্ষতির সম্ভাবনা সর্বনিম্ন হয়, এবং আপনার নিরাপত্তা সর্বপ্রথম থাকে।

মূলনীতি 2: সম্মান

সেবা প্রদানকারীরা আপনাকে শ্লীলতা এবং সমবেদনার সাথে সেবা প্রদান করবে। তারা আপনার সাংস্কৃতিক, ধার্মিক, জাতিগত এবং সামাজিক চাহিদা, মূল্যবোধ এবং বিশ্বাস কে সম্মান করবে।

মূলনীতি 3: মর্যাদা এবং গোপনীয়তা

সেবা প্রদানকারীরা আপনাকে সম্মানের সাথে সেবা প্রদান করবে এবং আপনার গোপনীয়তা রক্ষা করবে।

মূলনীতি 4: উপযুক্ত সেবা

সেবা প্রদানকারীরা আপনার প্রয়োজনমত সঠিক ভাবে সারা প্রদান করবে, এবং তাদের সেবা সময়মত সহজ উপায়ে প্রদান করবে।

মূলনীতি 5: জ্ঞাত পছন্দ

সেবা প্রদানকারীরা আপনার অবস্থা পরিপূর্ণভাবে বুঝবে এবং আপনাকে সাহায্য গ্রহনের বিভিন্ন উপায় বলবে। তারা সততার সাথে এবং সঠিকভাবে তাদের সেবা সম্পর্কে আপনার প্রশ্নের উত্তর প্রদান করবে। এর মধ্যে আপনি কতদিন তাদের সেবা গ্রহণ করতে পারেন তাও আছে।

মূলনীতি 6: গুণগত সেবাসমূহ

সেবা প্রদানকারীরা আপনি এবং আপনার পরিবার যেন গুণগত সেবা পান তা নিশ্চিত করবে। গুণগত সেবাগুলো হচ্ছে যা আপনার নির্দিষ্ট চাহিদা পূরণ করে এবং সংস্কৃতির সাথে মানানসই। আপনি যদি একাধিক সেবাপ্রদানকারীর সেবা গ্রহণ করে থাকেন, তাদের একসাথে কাজ করা উচিৎ।

মূলনীতি 7: যোগাযোগ

সেবা প্রদানকারীরা আপনাকে এমন উপায়ে তথ্য প্রদান করবে যা আপনার জন্য সহজবোধ্য। আপনার এমন অনুভব করা উচিৎ যে সেবা প্রদানকারী আপনার সাথে উন্মুক্তভাবে, সততার সাথে এবং কার্যকর ভাবে যোগাযোগ করছে।

মূলনীতি 8: প্রতিক্রিয়া

সেবা প্রদানকারীরা আপনাকে জানাবে কিভাবে আপনি প্রতিক্রিয়া জানাবেন অথবা অভিযোগ করবেন। আপনার জন্য এটি করা সহজ হবে।

অংশ 2: ক্রিমিনাল জাস্টিস এবং ইয়ুথ জাস্টিস পদ্ধতিতে ক্ষতিগ্রস্থের অধিকার সমূহ

যখন মূলনীতিগুলো সকল ক্ষতিগ্রস্থদের জন্য প্রযোজ্য, নিচের অধিকারগুলো শুধু মাত্র পুলিশের কাছে অভিযোগ করা অথবা আদালতে অভিযোগ করা অপরাধের ক্ষতিগ্রস্থদের জন্য প্রযোজ্য।

এ অধিকার গুলো ভিক্টিম'স রাইটস অ্যাক্ট 2002 এর অংশ। ক্ষতিগ্রস্থদের অন্যান্য আইনের অধিকারও আছে, যেমন প্রাইভেসি অ্যাক্ট 1993, বিল অফ রাইটস অ্যাক্ট 1990, সেন্টেন্সিং অ্যাক্ট 2002, বেইল অ্যাক্ট 2002, এবং চিল্ড্রেন, ইয়াং পারসনস, এন্ড দেয়ার ফ্যামিলিস (ওরাঙ্গা তামারিকি) অ্যাক্ট 2017।

অধিকারগুলো কার ক্ষেত্রে প্রযোজ্য?

অধিকার 1–6 পুলিশের কাছে অভিযোগ করা অথবা আদালতে অভিযোগ করা যে কোনও অপরাধের ক্ষতিগ্রস্থদের জন্য প্রযোজ্য। অধিকার 7–10 শুধু মাত্র কিছু নির্দিষ্ট অপরাধের ক্ষতিগ্রস্থদের জন্য প্রযোজ্য। পুলিশ আপনাকে জানাবে যদি আপনার এসকল অধিকার থাকে। অধিকার 11 শুধু মাত্র শিশু অথবা যুবক ব্যক্তির দ্বারা সংঘটিত অপরাধের ক্ষতিগ্রস্থের জন্য প্রযোজ্য।

অধিকারগুলো পরিপূর্ণ করার দ্বায়িত্ব কার?

অধিকারের উপর নির্ভর করে, বিভিন্ন সরকারি সংস্থা, তদন্তকারী, উকিল, এবং অন্যান্য জন সংস্থা ক্ষতিগ্রস্থ হিসেবে আপনার অধিকার আদায় নিশ্চিতকরনে দ্বায়িত্বশীল।

সকল সংস্থা কোড এর প্রত্যেকটি অধিকার এর জন্য দ্বায়িত্বপ্রাপ্ত নয়।

প্রতিটি অধিকারের জন্য কোন সংস্থাগুলো দ্বায়িত্বপ্রাপ্ত তা জানতে পরিদর্শন করুন victimsinfo.govt.nz অথবা ফোন করুন, ভিক্টিমস ইনফরমেশন লাইন 0800 650 654 নাম্বারে।

অধিকার 1: কার্যক্রম, সমাধান এবং সেবা সম্পর্কে তথ্য গ্রহণ করা।

ক্ষতিগ্রস্থের জন্য কার্যক্রম, সমাধান এবং সেবা সম্পর্কে তথ্য গ্রহণ করার অধিকার আপনার আছে। এটি হয়তো সে সকল সেবা ধারণ করতে পারে যেখানে আপনার অপরাধীর সাথে দেখা করার অধিকার আছে (বলবর্ধক বিচার অথবা পারিবারিক সম্মেলন এর মত)।

অধিকার 2: তদন্ত এবং ফৌজদারি মামলা সম্পর্কে তথ্য গ্রহণ করা

যদি ফৌজদারী মামলা অথবা তদন্তে কোনও ক্ষতি না হয়, আপনার মামলায় কি হচ্ছে তা উপযুক্ত সময়ে জানার অধিকার আপনার আছে। একটি হালনাগাদ হয়তো তদন্ত কর্তৃপক্ষ, আদালত কর্মকর্তা অথবা উকিল থেকে তথ্য ধারণ করতে পারে যাতে থাকে:

- আসামি অথবা যুবক ব্যক্তির বিরুদ্ধে করা অভিযোগ
- অভিযোগ না করার কারনসমূহ
- সাক্ষী হিসেবে আপনার ভুমিকা
- কখন এবং কোথায় শুনানি হবে
- যে কোন ফৌজদারি মামলার ফলাফল, পুনরায় আবেদন করা যে কোনও মামলা সহ
- পারিবারিক সম্মেলনে একজন যুবক ব্যক্তির পরিকল্পনার অগ্রগতি।

আপনি অন্য কারও কাছে এই তথ্য প্রদানের জন্য অনুরোধ করতে পারেন, যে আপনাকে এগুলো ব্যাখ্যা করবে।

অধিকার 3: ক্ষতিগ্রস্থের প্রভাব বিবৃতি প্রস্তুত করতে

আপনার একটি ক্ষতিগ্রস্থের প্রভাব বিবৃতি প্রস্তুত করার অধিকার রয়েছে যা আদালতকে জানায় কিভাবে এই অপরাধ আপনার ক্ষতি করেছে। আপনি আপনার ক্ষতিগ্রস্থের প্রভাব বিবৃতি লিখতে সাহায্য নিতে পারেন।

বিচারক অপরাধীকে শাস্তি প্রদানের সময় আপনার ক্ষতিগ্রস্থের প্রভাব বিবৃতি বিবেচনা করবে।

যুব আদালতে, পারিবারিক সম্মেলন একটি উপায় যেখানে ক্ষতিগ্রস্থরা ইয়ুথ জাস্টিস সিস্টেম এ অংশ নেয়। (অধিকার 11 দেখুন)। পারিবারিক সম্মেলন পরিকল্পনা হচ্ছে মূল উপায় যেখানে বিচারকরা আপনার দৃষ্টিভঙ্গি বিবেচনা করেন। শিশু অথবা যুবক ব্যক্তি দ্বারা অপরাধে ক্ষতিগ্রস্থদের কারও আদালতে ক্ষতিগ্রস্থের প্রভাব বিবৃতি পড়ার অধিকার রয়েছে। একজন আদালত ক্ষতিগ্রস্থ উপদেষ্টা আপনাকে আরও তথ্য দিতে পারে।

অধিকার 4: নামের গোপনীয়তার ব্যাপারে আপনার মতামত প্রকাশ

আসামি যদি আদালতে নামের স্থায়ী গোপনীয়তার জন্য আবেদন করে তবে এ ব্যাপারে আপনার মতামত প্রকাশের অধিকার আছে।

যুব আদালতে শিশু এবং যুবক ব্যক্তিরা যারা অপরাধ করে, তাদের নাম সাধারণত গোপনই রাখা হয়। অন্যান্য তথ্যও গোপন রাখা হয়, যা দ্বারা আসামি অথবা ক্ষতিগ্রস্থকে চিহ্নিত করা যেতে পারে। উদাহরণস্বরূপ- আপনার পারিবারিক তথ্য বা আসামি যেই বিদ্যালয়ে যায় তার নাম।

অধিকার 5: আদালতে দাপ্তরিক ভাষা ব্যবহার করা

আপনি যদি স্বাক্ষী হন তবে আদালতে মাওরি ভাষা অথবা নিউজিল্যান্ডের সাংকেতিক ভাষা ব্যবহার করার অধিকার আপনার রয়েছে। একজন অনুবাদক দেয়া হবে।

আপনি যদি স্বাক্ষী না হন তবে আপনি তখনই মাওরি ভাষা অথবা নিউজিল্যান্ডের সাংকেতিক ভাষা ব্যবহার করতে পারবেন যখন বিচারকের অনুমতি পাবেন।

অধিকার 6: রাষ্ট্র দ্বারা দখলকৃত সম্পত্তি ফেরত পাওয়া

যদি কোন আইন শৃঙ্খলা সংস্থা (যেমন পুলিশ) আপনার কোন সম্পত্তি প্রমাণ হিসেবে নেয়, তবে যথা দ্রুত সম্ভব তা ফিরে পাবার অধিকার আপনার রয়েছে।

গুরুতর অপরাধের আসামি

অধিকার 1-6 এর পাশাপাশি, কোন গুরুতর অপরাধে ক্ষতিগ্রস্থের নিম্নলিখিত অধিকারগুলো রয়েছে (অধিকার 7-10)।

গুরুতর অপরাধের মধ্যে রয়েছে- যৌন অপরাধ, মারাত্মক আক্রমণ যেখানে কারো প্রাণহানি ঘটেছে অথবা কেউ অত্মনির্ভরশীল হওয়ার ক্ষমতা হারিয়েছে। পুলিশ আপনাকে বলবে যে আপনার এই অধিকারগুলো আছে কিনা।

অধিকার 7: জামিনের ব্যাপারে অবগত হবার এবং নিজের মতামত প্রকাশের অধিকার

আসামি যদি জামিনে মুক্তি পায় তবে উকিলকে নিজ মতামত জানানোর অধিকার আপনার রয়েছে। উকিলকে অবশ্যই আপনার মতামত আদালতে জমা দিতে হবে

আপনি যদি আসামির জামিনের ব্যাপারে তথ্য চান, তবে পুলিশ এবং আইন মন্ত্রনালয় তা দিতে বাধ্য, যদি এর কোন প্রভাব পরবর্তীতে আপনি অথবা আপনার পারিবারের ওপর পড়ার সম্ভাবনা থাকে। আসামির জামিনের পর যদি তা আপনার নিরাপত্তার ক্ষেত্রে হুমকিসরূপ হয় তবে তারা আপনাকে তা জানাতে বাধ্য।

অধিকার 8: রায়ের পর যাবতীয় তথ্য পাওয়ার অধিকার আপনার রয়েছে

রায়ের পর আসামি সম্পর্কে যাবতীয় তথ্য পাওয়ার অধিকার আপনার রয়েছে। এই তথ্য পেতে আপনাকে ক্ষতিগ্রস্থ ইশতিহার দ্বারা অনুমোদিত হতে হবে। কতিপয় এজেন্সি আপনাকে ক্ষতিগ্রস্থ ইশতিহার অনুমোদনের একটি কপি দিবে এবং তা পূরণ করতে সহায়তা করবে। এদের মধ্যে উল্লেখযোগ্য হল- পুলিশ, ক্ষতিগ্রস্থ সহায়ক, সংশোধনী বিভাগ এবং আদালতে ক্ষতিগ্রস্থের উপদেষ্টা।

শিশু অথবা যুবক অপরাধের ক্ষতিগ্রস্থরা কখনও পুলিশের কাছে বিশেষ ইশতিহারের জন্য আবেদন করতে পারে। পুলিশ, আদালতের ক্ষতিগ্রস্থ উপদেষ্টা অথবা শিশু কল্যাণ কর্মকর্তাগণ আপনাকে বলবে আপনি যোগ্য কিনা এবং আপনাকে একটি আবেদনপত্র পূরণ করতে দিবে।

আপনি যদি অনুমোদিত হোন তবে আপনাকে গুরুত্বপূর্ণ বিষয়ে জানানো হবে। যেমন প্যারোল বোর্ডের শুনানী, অথবা আসামী রায় চলাকালীন পুনরায় অপরাধ করে কিনা, জেলমুক্তি, হাসপাতাল থেকে পালানো, জেল থেকে সীমিত সময়ের জন্য মুক্তি, জেল থেকে পালানো অথবা মৃত্যু ইত্যাদি।

আপনি ইশতিহার বন্ধের জন্যও যোকোন সময় আবেদন করতে পারেন।

অধিকার 9: ইশতিহারের জন্য একজন প্রতিনিধি বাছাই করা

অন্য কাউকে প্রতিনিধি নির্বাচন করার অধিকার আপনার আছে। তারা আপনার হয়ে আসামির ব্যাপারে তথ্য সংগ্রহ করবে, যাতে তারা আপনাকে তা বুঝাতে পারে।

অধিকার 10: প্যারোলের ব্যাপারে কোনো উপস্থাপনা তৈরী করা অথবা দীর্ঘায়িত রক্ষণাবক্ষেণ

এই অধিকার তখনই প্রযোজ্য, যখন আসামি দুই বছরের বেশি কারাদন্ড পায়।

আপনি যদি ভিক্টিমের খোঁজ নিতে অনুমোদিত হন (অধিকার নম্বর 8 দেখুন), আপনাকে তাহলে জানানো হবে যে আসমির কখন প্যারোলের শুনানি হবে অথবা কখন তাকে বিশেষ ব্যবস্থায় রক্ষণাবক্ষেণের জন্য শুনানি দেয়া হবে। প্যারোল বোর্ডে আপনার লিখিত বা মৌখিক উপস্থাপনা জমা দেয়ার অধিকার আছে। কোন সিদ্ধান্ত নেওয়ার পূর্বে বোর্ড অবশ্যই আপনার উপস্থাপনা যাচাই করে দেখবে, এটা আসামির বিরুদ্ধে আপনার উপস্থাপনা হতে পারে কিন্তু সেখান থেকে আপনার পরিচয় এবং যোগাযোগ করার তথ্য মুছে ফেলা হবে।

আপনার উপস্থাপনা তৈরীতে সাহায্যের জন্য, সংশোধনী বিভাগ থেকে যেকোনো তথ্য সংগ্রহের অধিকার আপনার রয়েছে। আপনি একবার চাইলেই ভবিষ্যতে প্যারোলের শুনানির জন্য তথ্যগুলো আপনার কাছে পৌঁছে যাবে।

যদি একজন আসামির বিরুদ্ধে গুরুতর যৌন অপরাধের অভিযোগ থাকে তবে জেল থেকে মুক্তির পরও তার ওপর নজরদারির হুকুমের জন্য সংশোধনী করা হতে পারে। এক্ষেত্রে আপনি একটি উপস্থাপনা তৈরী করতে পারেন, কিন্তু আপনাকে অবশ্যই ক্ষতিগ্রস্থের ইশতিহারের জন্য অনুমোদিত হতে হবে (অধিকার নম্বর 8 দেখুন)।

কিশোর অপরাধের ক্ষতিগ্রস্থ

ইয়ুথ জাস্টিস সিস্টেম ক্রিমিনাল জাস্টিস সিস্টেম এর তুলনায় ভিন্নভাবে কাজ করে। অধিকার (1-10) ইয়ুথ জাস্টিস সিস্টেম এও প্রযোজ্য, যদি নির্দিষ্ট করে বলা না থাকে।

11 নম্বর অধিকারটি শুধু ইয়ুথ জাস্টিস সিস্টেম এর জন্য। ইহা যুবক ব্যক্তিদের দ্বারা অপরাধের ক্ষতিগ্রস্থদের একটি পারিবারিক সম্মেলনে অংশগ্রহণ করার সুযোগ দেয়।

অধিকার 11: পারিবারিক সম্মেলন

আপনী যদি ক্ষতিগ্রস্থ হিসেবে একটি শিশু (10-13 বছর বয়স) দ্বারা আক্রান্ত হন অথবা কোনো কিশোর (14 থেকে 16 বছর বয়স) দ্বারা আক্রান্ত হন এবং যদি পুলিশ তাকে আটক করে বা যদি আটক করতে চায় তবে আপনার পারিবারিক সম্মেলনে যাওয়ার অধিকার আছে। আপনি আপনার সাথে সহকারী লোক নিতে পারেন।

শিশু কল্যাণ এ ব্যাপারে আপনাকে সর্বোচ্চ সহযোগিতা করবে। তারা আপনাকে পারিবারিক সম্মেলনের সময় এবং স্থান সম্পর্কে জানাবে। তারা একই সঙ্গে পুলিশ এবং শিশুর অভিভাবকদের মতামত শুনবে।

পারিবারিক সম্মেলনই একমাত্র পন্থা যার মাধ্যমে ক্ষতিগ্রস্থ ইয়ুথ জাস্টিস সিস্টেম এ অংশগ্রহণ করতে পারে। সম্মেলনে আপনি শিশু অথবা যুবক ব্যক্তির সাথে এবং তার অভিভাবকদের সাথে দেখা করতে পারবেন। এছাড়াও সাথে পুলিশ এবং সমাজকর্মীরাও থাকবে। কীভাবে এই আক্রমণ আপনাকে এবং আপনার পরিবারকে প্রভাবিত করেছে তা সম্মেলনে আপনি বলতে পারবেন। এছাড়া আপনি এই ব্যাপারের সমাধান হিসেবে কী দেখতে চান তা বলতে পারবেন।

পারিবারিক সম্মেলনের উদ্দেশ্য হল যুবক ব্যক্তি অথবা শিশুকে কেন্দ্র করে একটি পরিকল্পনা করা এবং আক্রমণের পেছনে কারনগুলোকে চিহ্নিত করা। পরিকল্পনাটির সাথে আপনার অমত পোষণ করার অধিকার আছে। যদি আপনি অমত পোষণ করেন, তবে যুব আদালত পরবর্তী সিদ্ধান্ত নিবে।

আপনাকে সম্মেলনে উপস্থিত থাকতে হবে না। আপনি যদি অংশগ্রহণ করতে চান কিন্তু উপস্থিত না থাকতে পারেন তবে আপনি ফোন করতে পারেন, লিখিত অথবা মৌখিক বিবৃতি দিতে পারেন অথবা অন্য কাউকে উপস্থিত থাকতে বলতে পারেন।

অংশ 3: আপনার অধিকার সঠিকভাবে রক্ষা করা না হলে কী করবেন?

যদি কোন সরকারী সংস্থা এসকল অথবা অন্য যেকোন বিধি অনুযায়ী কোন আইনগত দ্বায়িত্ব পালন না করে, তবে আপনি অভিযোগ করতে পারেন।

আপনি অভিযোগ করতে পারেন:

- সরাসরি সংস্থার সাথে যোগাযোগ করে। সরাসরি ক্ষতিগ্রস্থের সাথে কথা বলে অথবা এজেন্সির অভিযোগ পদ্ধতি অনুসরণ করে প্রায়শই সমস্যার সমাধান সম্ভব
- ভিকটিম ইনফরমেশন লাইনে যোগাযোগ করুন এই নম্বরে- 0800 650 654 কর্মকর্তাগণ অভিযোগ দাখিল করার সময় আপনাকে আপনার অধিকার সম্পর্কে অবহিত করবে।

আরো তথ্য পেতে আমাদের ওয়েবসাইটে প্রবেশ করুন- victimsinfo.govt.nz

যেসকল সংস্থা অভিযোগ গ্রহণ করে, তাদের শীঘ্রই এবং ন্যায়ভাবে অভিযোগের জবাব দিতে হবে।

সংস্থা আপনার অভিযোগের জবাব দেয়ার পরও যদি আপনি সন্তুষ্ট না হোন, অথবা আপনার অভিযোগ অনুযায়ী জবাব পেতে যদি দেরি হয়, তাহলে এখানে অভিযোগ করুন:

- ন্যায়পাল কার্যালয়
  0800 802 602
  ombudsman.parliament.nz
- স্বাধীন পুলিশ পরিচালনা কর্তৃপক্ষ
  (যদি অভিযোগটি পুলিশ সংক্রান্ত হয়)
  0800 503 728
  ipca.govt.nz
- প্রাইভেসি কমিশনার (যদি আপনি মনে করেন যে কেউ আপনার ব্যাক্তিগত) গোপনীয়তা ক্ষুণ্ণ করেছে)
  0800 803 909
  privacy.org.nz/your-privacy/how-to-complain/

বিচারপতিগণ এবং প্যারোল বোর্ড

আদালত, বিচারক এবং প্যারোল বোর্ড অবশ্যই স্বাধীন এবং মুক্তভাবে কাজ করবে। এখানে শাসনিক সরকার যেমন পুলিশ অথবা আইন মন্ত্রনালয়ের কোন হস্তক্ষেপ থাকবে না। আইনের নীতি এবং অধিকার বজায় রাখার জন্য এই সংস্থাগুলো ভুমিকা পালন করবে কিন্তু তারা আইন প্রয়োগের ক্ষেত্রে সরাসরি ভুমিকা পালন করতে পারবে না।

যদি কোন বিচারকের রায় নিয়ে আপনার কোন অভিযোগ থাকে, তবে বিচার সংক্রান্ত কমিশনারের সাথে যোগাযোগ করুন এই নম্বরে- 0800 800 323 অথবা এই ওয়েবসাইটে দেয়া অভিযোগপত্রটি পূরণ করুন- www.jcc.govt.nz

যদি প্যারোল বোর্ডের সেবা অথবা তথ্য নিয়ে আপনার কোন অভিযোগ থাকে, তাহলে যোগাযোগ করুন এই নম্বরে- 0800 727 653 অথবা ইমেইল করুন এই ঠিকানায় info@paroleboard.govt.nz